

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৫৩.১৮.১৮৮

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ওপর গত ২৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি)'র সভার সিদ্ধান্ত ৪.২ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: (১) হাবিপ্রবি/প.উ.ও/১১৫২, তারিখ: ০৯/০৮/২০২১।

(২) হাবিপ্রবি/প.উ.ও/১১৫৩, তারিখ: ০৯/০৮/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ওপর গত ২৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি)'র সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ৩০/৮/২০১৮ খ্রিস্টাব্দে হাবিপ্রবি/সংস্থা/৯৬০৯ নম্বর স্মারকে প্রকল্প পরিচালক, বিভিন্ন প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাবৃন্দের মধ্যে প্রকল্পের উন্নয়নমূলক কাজের দ্রুত প্রক্রিয়া সম্পাদনের জন্য বন্ডিত দায়িত্ব অনুযায়ী প্রকল্পে অনুমোদিত ব্যয় ও পরিমাণের অতিরিক্ত মূল্যে দ্রুত চুক্তি সম্পাদন বিষয়ে কর্মকর্তার তালিকা ও সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যাখ্যা অত্র বিভাগে জরুরীভিত্তিতে প্রদান করতে হবে।

০২। ডিপিইসি সভার সিদ্ধান্ত ৪.২ এর বিষয়ে ২ নং সূত্রোক্ত পত্রে সম্পৃক্ত কর্মকর্তার নাম এবং কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি বর্ণনা করা হয়েছে। এখানে ৬ তলা ছাত্রী হল নির্মাণ এবং ৫ তলা ইউটিলিটি (ডরমেটরী) ভবন নির্মাণ কাজের অনুমোদিত ব্যয় ও পরিমাণ এর অতিরিক্ত ব্যয় করা হয়েছে। পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী তা বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস কমিটি'র সভায় উপস্থাপন করেন। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত রেওয়াজ/বিধান অনুযায়ী তা এ কমিটিতে উপস্থাপিত হতে পারে। কিন্তু অনুমোদিত ডিপিইসি সংস্থানের অতিরিক্ত পরিমাণ ও ব্যয়ে তা অনুমোদনের এখতিয়ার এ কমিটি'র নেই। অধিকন্তু এ জাতীয় প্রস্তাব পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কর্তৃক উপস্থাপন সরকারি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও আর্থিক শৃঙ্খলার পরিপন্থি। এ জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

০৩। ডিপিইসি সভার সিদ্ধান্ত ৪.২ এর বিষয়ে নিম্নরূপ তথ্যাদি জানা প্রয়োজন:

(ক) বর্তমান প্রকল্প পরিচালক প্রফেসর ড. মোস্তাফিজার রহমান এর আমলে ছাত্রী হল ও ডরমেটরী ভবন এবং কম্পিউটার ক্রয়সহ অফিস সরঞ্জামাদি ও অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে ডিপিইসিতে অনুমোদিত ব্যয়

ও পরিমাণের অতিরিক্ত ক্রয় চুক্তি সম্পাদন ও তা বাস্তবায়ন করার ক্ষেত্রে আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলা অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এখতিয়ার নেই তা কর্তৃপক্ষকে প্রকল্প পরিচালক নথিতে অবহিত করেছেন কি না?

(খ) প্রকল্প পরিচালক বিষয়টি নথিতে অবহিত করে থাকলে কোন পর্যায়ে তা অনুমোদন করেছে।

(গ) বর্তমান প্রকল্প পরিচালকের আমলে কোন কোন অঞ্জোর জন্য অনুমোদিত ডিপিপি'র অতিরিক্ত ব্যয়ে চুক্তি করা হয়েছে এবং এ চুক্তি সম্পাদন প্রক্রিয়ায় সম্পূর্ণ কর্মকর্তার নাম ও একটি তালিকা (প্যাকেজের নাম, অনুমোদিত ব্যয়, চুক্তি মূল্য, চুক্তির তারিখ, বিল পরিশোধের তারিখসহ)।

এমতাবস্থায়, “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ওপর গত ২৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্তের বিষয়ে উপর্যুক্ত অনুচ্ছেদ ০৩ নং এ যাচিত তথ্যাদি আগামী ০১ সপ্তাহের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১-৯-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৪০৬১৪

বিতরণ :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) উপাচার্য, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।
- ৩) প্রকল্প পরিচালক, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন প্রকল্প, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৫৩.১৮.১৮৮/১(৪)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১-৯-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)